# বাংলা পেডাগজি

## • বিষয়ঃ বাংলা পেডাগজি

- ভাষা শিখন ও ভাষা আয়ত্তি
- **Language Learning (ভাষা শিখন)**
- ভাষা ব্যবহারের নিয়ম কানুন জেনে ভাষা শেখাই হল ভাষা শিখন।
- শিশু সচেতনভাবে ভাষার নিয়মকানুন মেনে যেভাবে ভাষা সম্পর্কে নতুন জ্ঞান সঞ্চয় করে, সেটি হল ভাষা শিখন।
- বিদ্যালয়ে যখন ব্যাকরণ সহযোগে ভাষা শিক্ষা দেওয়া হয় তখন সেই প্রক্রিয়া হল ভাষা শিখন প্রক্রিয়া
- বারবার ভুল ও সংশোধনের মাধ্যমে শিক্ষার্থীর শিখন প্রক্রিয়া চলতে পারে, এক্ষেত্রে অনুশীলনের প্রয়োজন।
- ভাষা শিখন হল কঠোরভাবে লিপিবদ্ধ বা প্রথাগত এবং প্রত্যক্ষ অংশগ্রহণমূলক প্রক্রিয়া।
- ভাষা শিখন হল ভাষা শেখাবার জন্য সক্রিয় অংশগ্রহণ ও প্রচেষ্টা।
- **Language Acquisition (ভাষার আয়ত্তি)**
- ভাষা আয়ত্ত করাকেই ভাষার আয়ত্তি বলা হয়।
- শিশু ছোটোবেলায় তার পিতামাতার ও চারপাশের পরিবেশ থেকে যেভাবে ভাষা জ্ঞান লাভ করে,সেটাই হল ভাষার আয়ত্তি।
- ভাষার আয়ত্তি হল একটি অবচেতনমূলক প্রক্রিয়া।
- ভাষার আয়ত্তি হল- প্রাকৃতিক, স্বতঃস্ফূর্ত, আন্তরিক, সংবেদনশীল একটি পরিবেশে সংঘটিত ভাষা শিখন প্রক্রিয়া।
- ভাষার আয়ত্তি হল অনিয়ন্ত্রিত এবং প্রথা বহির্ভূত।
- ভাষার আয়ত্তিতে ব্যাকরণের নিয়মাবলির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয় না। এক্ষেত্রে যোগাযোগ ও আদান-প্রদান মূলকথা।
- বিশিষ্ট ভাষাবিজ্ঞানী চমস্কির মতে কোনো পশু বা পাখি নয় কেবল মানুষের শিশুই ভাষা শেখার জন্মগত ক্ষমতার অধিকারী। কীভাবে শিশু তার মাতৃভাষা শেখে নিয়ে চমস্কি বলেছেন - শিশুর মধ্যেই ভাষা শেখার উপায়(**LAD**) বা ভাষা শেখার প্রণালী(**LAS**)কাজ করে। ফলে শিশু তাড়াতাড়ি সে ভাষা শিখে ফেলতে পারে।
- **LAD = Language Acquisition Device**
- **LAS = Language Acquisition System**
- ভাষা শিখন হল একটি –প্রত্যক্ষ অংশগ্রহণমূলক প্রক্রিয়া
- ভাষা শিখনের অন্যতম উদ্দেশ্য হল –ভাষার নিয়ম-কানুন জেনে ভাষা ব্যবহার করা
- ভাষা শিখনের জন্য প্রয়োজন – যথাযথ অনুশীলন
- ভাষা শিখনের ক্ষেত্রে শিক্ষার্থী –ভাষার জ্ঞান সম্পর্কে সচেতন থাকে
- ভাষার আয়ত্তি হল – শিশু যেভাবে মাতৃভাষা শেখে, সেইভাবে ভাষাজ্ঞান লাভ করা
- ভাষার আয়ত্তির মূল উদ্দেশ্য হল - যোগাযোগ স্থাপন করা
- একটি শিশু তার মাতৃভাষা আয়ত্ত করে – তার পিতা-মাতা ও চারপাশের পরিবেশ থেকে
- ভাষার আয়ত্তি প্রক্রিয়ায়- ভাবের আদান-প্রদান ও যোগাযোগের বিষয়টি গুরুত্ব পায়
- বাংলা ভাষা শিক্ষার ক্ষেত্রে বেশি গুরুত্ব দেওয়া উচিত- ভাষা আয়ত্তি ঘটানো
- কু কু (**Cooing**) শব্দ শিশু করে – ৬ সপ্তাহে
- শিশুদের কলধ্বনি বা **Babbling** শুরু হয় -৬ মাস বয়সে